...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

প্রশাসন শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.১৬.০২৭.১৭.১২১০

তারিখ: ৬ পৌষ ১৪২৯

২১ ডিসেম্বর ২০২২

বিষয়: **বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে মাঠ প্রশাসনের কর্মকর্তাগণের অংশগ্রহণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের পূর্ব-সম্মতি গ্রহণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক- ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.২০.৩৩০, তারিখ ১১/১২/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি সংযুক্তিসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের নির্দেশনার আলোকে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সরাসরি কিংবা ভার্চুয়াল যে কোন সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের মনোনয়নের ক্ষেত্রে এ সংক্রান্তে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের পূর্ব-সম্মতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: (১) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র (7565/potrojariAttachmentRef/33806/0/4337)
(২) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র (7566/potrojariAttachmentRef/33806/0/4337)

২২-১২-২০২২

বেগম রুজিনা সুলতানা
উপসচিব
ফোন: ০২-৫৫১০১১২৯
ফ্যাক্স: -
ইমেইল: dsapa@tmed.gov.bd

বিতরণ :

১) অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর

৩) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া

৬) অধ্যক্ষ, অধ্যক্ষ-এর দপ্তর , বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.১৬.০২৭.১৭.১২১০/১(৪)

তারিখ: ৬ পৌষ ১৪২৯
২১ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৩) সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

৪) অফিস কপি

২২-১২-২০২২
বেগম রুজিনা সুলতানা
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.২০.৩৩০ তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

বিষয়: **বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে মাঠ প্রশাসনের কর্মকর্তাগণের অংশগ্রহণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের পূর্ব-সম্মতি গ্রহণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.১১৬ তারিখ: ০৮.০৪.২০২১

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সরাসরি কিংবা ভার্চুয়াল যে কোন সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণ সংক্রান্ত পরিপত্রের চিত্রপ্রতিলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সরাসরি কিংবা ভার্চুয়াল যে কোন সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণের ক্ষেত্রে পরিপত্র অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের পূর্ব-সম্মতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি আওতাধীন দপ্তর/সংস্থাকে অবহিত করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে এক পৃষ্ঠা।

১১-১২-২০২২
মোহাম্মদ সাইফুল ইসলাম ভূইয়া
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২২২৩৩৮৯১৯১
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল:
gfa_branch@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.২০.৩৩০/১(৭৪) তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) বিভাগীয় কমিশনার (সকল)
৩) জেলা প্রশাসক (সকল)
৪) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

১১-১২-২০২২
মোহাম্মদ সাইফুল ইসলাম ভূইয়া
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.১১৬

তারিখ: ২৫ চৈত্র ১৪২৭ / ০৮ এপ্রিল ২০২১

## পরিপত্র

বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের অংশগ্রহণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সরাসরি/ভার্চুয়াল প্লাটফরমের বিভিন্ন সভা/সেমিনার/কর্মশালা এবং ভিডিও কনফারেন্সে অংশগ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি ব্যতিরেকে বিভাগীয় কমিশনার, জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে আমন্ত্রণ জানানো হচ্ছে। অনেক সময় দেখা যাচ্ছে, একাধিক মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা একই দিন/সময়ে অনলাইন প্লাটফরমে সভা/সেমিনার/কর্মশালা/ ভিডিও কনফারেন্স আহ্বান করে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের অংশগ্রহণের জন্য অনুরোধ করছে। এতে একদিকে প্রশাসনিক শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে, অন্যদিকে মাঠ পর্যায়ের প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে। অধিকাংশ ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ এসব বিষয়ে অবহিত না থাকায় মাঠ প্রশাসনের সাথে মন্ত্রিপরিষদ বিভাগের যোগাযোগ বা সমন্বয় ব্যাহত হচ্ছে।

০২। উল্লেখ্য, Rules of Business,1996-এর Sehedul-1 (Allocation of Business among the Different Ministries and Divisions) অনুযায়ী বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের সাধারণ প্রশাসন এবং আন্ত:মন্ত্রণালয় সমন্বয় মন্ত্রিপরিষদ বিভাগের কার্যপরিধিভুক্ত। এ পরিপ্রেক্ষিতে মাঠ প্রশাসনের কোন কর্মকর্তাকে মন্ত্রণালয়/বিভাগ /সংস্থা কর্তৃক আয়োজিত কোন সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে যোগদানের জন্য আমন্ত্রণ জানানোর ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণ বাঞ্ছনীয়। এছাড়া বিভাগীয় কমিশনার, জেলাপ্রশাসক কিংবা উপজেলা নির্বাহী অফিসারগণের সঙ্গে মতবিনিময়ের জন্য কোন সভা আহ্বান করা হলে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে আলোচনাক্রমে সভার তারিখ নির্ধারণ করা সমীচীন।

০৩। এমতাবস্থায়, মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সরাসরি/ভার্চুয়াল যেকোন সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে বিভাগীয় কমিশনার, জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণের আব্যশকতা থাকলে মন্ত্রিপরিষদ বিভাগের পূর্ব-সম্মতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)
উপসচিব
ফোন: ৯৫৫১৪২৫
email: gfa_branch@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)
.......................................মন্ত্রণালয়/বিভাগ

অনুলিপি:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। বিভাগীয় কমিশনার (সকল)।
৩। জেলাপ্রশাসক (সকল)।
৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল,মন্ত্রিপরিষদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য) ।